গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(রাজস্ব শাখা)
www.moulvibazar.gov.bd

**আদর্শগ্রাম সংক্রান্ত নভেম্বর/২০২৫ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ তৌহিদুজ্জামান পাভেল
জেলা প্রশাসক, মৌলভীবাজার
সভার স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ৩০.১১.২০২৫ খ্রিস্টাব্দ
সভার সময় ঃ সকাল ১১:৩০ ঘটিকা

সভার শুরুতে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার বিগত কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোনো সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

❖ ০১.০০: **গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:**

বিগত ২৬.১০.২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত আদর্শগ্রাম প্রকল্পের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:

| সভার তারিখ | গৃহীত সিদ্ধান্তের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির হার | অ-বাস্তবায়িত সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|---|
| ২৬.১০.২৫ খ্রি. | ১১ | ১০ | ৯০.৯১% | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্তৃক প্রকল্প স্থানসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক হালনাগাদ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত। |

❖ ২.০০: **উপজেলা পর্যায়ে আদর্শগ্রাম সংক্রান্ত কমিটির** সভার বিবরণ:

| উপজেলা | কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | সভাপতি |
|---|---|---|
| কুলাউড়া | ২৭.১০.২০২৫ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া |
| বড়লেখা | ২৭.১০.২০২৫ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা |
| জুড়ী | ২৭.১০.২০২৫ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |
| শ্রীমঙ্গল | ২৭.১০.২০২৫ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |
| সদর | ২৭.১০.২০২৫ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর |
| রাজনগর | ২৭.১০.২০২৫ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর |
| কমলগঞ্জ | ২৭.১০.২০২৫ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | আদর্শগ্রাম সংক্রান্ত উপজেলা কমিটির সভা | আদর্শগ্রাম সংক্রান্ত উপজেলা কমিটি প্রতিমাসে সভা অনুষ্ঠান করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আদর্শগ্রাম সংক্রান্ত উপজেলা কমিটি প্রতিমাসে সভা অনুষ্ঠান করে বাস্তবায়ন অগ্রগতিসহ সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার |

❖ ০৩.০০: **আদর্শগ্রাম প্রকল্পের বর্তমান অবস্থা:**

সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার জানান, মৌলভীবাজার সদর, জুড়ী, বড়লেখা, শ্রীমঙ্গল ও কমলগঞ্জ উপজেলায় ৬টি আদর্শ গ্রামে ১৮১টি পরিবারকে পুনর্বাসিত করা হয়েছে। এক নজরে মৌলভীবাজার জেলার এ প্রকল্পের তথ্য নিম্নরূপঃ

| উপজেলা | প্রকল্পের সংখ্যা | ঘরের সংখ্যা | রেজিস্ট্রিকৃত দলিল | | নামজারীকৃত দলিল সংখ্যা | | সম্পাদিত কবুলিয়তের সংখ্যা | | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | প্রকল্পের বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | | |
| সদর | ২ | ৯৬ | ৯৬ | ০ | ৯৬ | ০ | ৯৬ | ০ | ৯৬ | বাস্তবায়িত |
| জুড়ী | ১ | ২৩ | ২৩ | ০ | ২৩ | ০ | ২৩ | ০ | ২৩ | |
| বড়লেখা | ১ | ৩০ | ৩০ | ০ | ৩০ | ০ | ৩০ | ০ | ৩০ | |
| শ্রীমঙ্গল | ১ | ২০ | ২০ | ০ | ২০ | ০ | ২০ | ০ | ২০ | |
| কমলগঞ্জ | ১ | ১২ | ১২ | ০ | ১২ | ০ | ১২ | ০ | ১২ | |
| মোট= | ৬ | ১৮১ | ১৮১ | ০ | ১৮১ | ০ | ১৮১ | ০ | ১৮১ | |

| প্রকল্পের নাম | ভূমির বিবরণ | পুনর্বাসিত পরিবার |
|---|---|---|
| দিনারপুর | মৌজা-পার্ট-অব-দিনারপুর, খতিয়ান-১, দাগ-১০৬, ১০৮ ও ১০৯, এরিয়া-৮.৬৮একর। | ৩১ টি |
| নিলয় | মৌজা-পার্ট-অব-দিনারপুর, এরিয়া-৪৫.৫০ একর। | ৬৫ টি |
| মোহাম্মদ নগর | মৌজা-মোহাম্মদনগর-২৯, চাতলা হাওর-২১/১৭২, দাগ-১৬৬, ১৩৯৯, ১৫২০, এরিয়া-২২.৩০ একর। | ২৩ টি |
| বড়থল | মৌজা-বড়থল, খতিয়ান নং-১, দাগ নং-৩০২, এরিয়া-৪.৫০ একর। | ৩০ টি |
| মঈনপুর | মৌজা-হাজিপুর, মাইজদিহি, খতিয়ান নং-১, দাগ নং-৮১২, ৩৭৯, ১০ এরিয়া- ৩৩.৬০ একর। | ২০টি |
| মোহাম্মদপুর | মৌজা-উত্তরভাগ, খতিয়ান নং-১, দাগ নং-২৬২৫, ২৭২২, ২১১৮, এরিয়া-১১.৭৬ একর। | ১২ টি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | প্রকল্প স্থান পরিদর্শন সংক্রান্ত | সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা কর্তৃক প্রকল্প স্থানসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক হালনাগাদ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্তৃক প্রকল্প স্থানসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক হালনাগাদ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার<br>২) উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, মৌলভীবাজার<br>৩) উপপরিচালক, কৃষি সম্পসারণ অধিদপ্তর, মৌলভীবাজার<br>৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার<br>৫) জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ৬) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার<br>৭) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার<br>৮) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার<br>৯) উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার<br>১০) জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল<br>১১) উপপরিচালক, বিআরডিবি, মৌলভীবাজার |

❖ **০৪.০০: গুচ্ছগ্রাম প্রকল্পের বর্তমান অবস্থা:**

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার সভায় জানান, বড়লেখা, শ্রীমঙ্গল, রাজনগর ও কমলগঞ্জ উপজেলায় ৭টি গুচ্ছগ্রামে ২০৫টি পরিবারকে পুনর্বাসিত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এক নজরে এ জেলাধীন গুচ্ছগ্রাম প্রকল্পের তথ্য নিম্নরূপ:

| উপজেলা | প্রকল্পের সংখ্যা | ঘরের সংখ্যা | রেজিস্ট্রিকৃত দলিল | | নামজারীকৃত দলিল সংখ্যা | | সম্পাদিত কবুলিয়ত সংখ্যা | | পুনর্বাসিত পরিবারের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | |
| বড়লেখা | ২ | ৮০ | ৮০ | ০ | ৮০ | ০ | ৮০ | ০ | ৮০ |
| শ্রীমঙ্গল | ১ | ২০ | ২০ | ০ | ২০ | ০ | ২০ | ০ | ২০ |
| রাজনগর | ১ | ৩০ | ৩০ | ০ | ৩০ | ০ | ৩০ | ০ | ৩০ |
| কমলগঞ্জ | ২ | ৬০ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | ৬০ |
| কুলাউড়া | ১ | ১৫ | ১৫ | ০ | ১৫ | ০ | ১৫ | ০ | ১৫ |
| মোট= | ৭ | ২০৫ | ১৭৫ | ৩০ | ১৭৫ | ৩০ | ১৭৫ | ৩০ | ২০৫ |

| উপজেলা | প্রকল্পের নাম | জমির পরিমাণ (একরে) | পুনর্বাসিত পরিবার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| বড়লেখা | সুগন্দা | ২.৪০ | ৩০টি | |
| | উপবন | ৫.০০ | ৫০টি | |
| শ্রীমঙ্গল | মাইজদিহি | ৪১.৬০ | ২০টি | |
| রাজনগর | পূর্ব দাশটিলা | ৪.২৩ | ৩০টি | |
| কমলগঞ্জ | আলোছায়া | ৮.৪৫ | ১৫টি | |
| | শ্যামলছায়া | ২.০০ | ৩০টি | |
| কুলাউড়া | বন্ধন | ১৬.৬৫ | ৩০টি | |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | প্রকল্প স্থান পরিদর্শন সংক্রান্ত | সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা কর্তৃক প্রকল্প স্থানসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক হালনাগাদ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্তৃক প্রকল্প স্থানসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক হালনাগাদ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার<br>২) উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, মৌলভীবাজার<br>৩) উপপরিচালক, কৃষি সম্পসারণ অধিদপ্তর, মৌলভীবাজার<br>৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার<br>৫) জেলা সমবায় কর্মর্তা, মৌলভীবাজার<br>৬) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার<br>৭) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার<br>৮) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার<br>৯) উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার<br>১০) জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>১১) উপপরিচালক বিআরডিবি, মৌলভীবাজার |

❖ ০৫.০০ : **প্রকল্পের অধিবাসীদের জন্মনিয়ন্ত্রণ বিষয়ক:**

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | প্রকল্পের অধিবাসীদের জন্মনিয়ন্ত্রণ সংক্রান্ত কার্যক্রম | সংশ্লিষ্ট উপজেলাসমূহের আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্পের অধিবাসীদের জন্মনিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, মৌলভীবাজার জানান, এ জেলার আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্প স্থানে বসবাসরত দম্পতির মধ্যে পদ্ধতি গ্রহণকারীর হার ৬৩.৯১%। প্রতিমাসে প্রকল্প স্থান পরিদর্শন করার বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে মর্মেও তিনি সভায় অবহিত করেন। | ১. আশ্রয়ণ-২ প্রকল্পের বাসিন্দাদের জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের বিষয়ে আরো তৎপর হওয়ার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. আশ্রয়ণ-২ প্রকল্প স্থানের পরিবার পরিকল্পনা সংক্রান্ত হালনাগাদকৃত তথ্য প্রতিমাসে এ কার্যালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মৌলভীবাজার |

❖ ০৬.০০: **শিক্ষা কার্যক্রম সংক্রান্ত:**

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | প্রকল্প স্থানে বসবাসরত শিশুদের প্রাথমিক শিক্ষা সংক্রান্ত | আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্প স্থানে বসবাসরত শিশুদের শিক্ষা কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার সভায় জানান, বর্তমানে আদর্শগ্রাম প্রকল্পের আওতায় বসবাসরত বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ১৯৭ জন এবং সকল শিশু বিদ্যালয়ে ভর্তির আওতায় এসেছে। এছাড়াও গুচ্ছগ্রাম প্রকল্পস্থানে বসবাসরত বিদ্যালয়ে গমনোপযোগী ৯৯ জন এবং এবং সকল শিশু বিদ্যালয়ে ভর্তির আওতায় এসেছে। সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় আরো জানান, সরেজমিন পরিদর্শনে বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার কম পরিলক্ষিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্প স্থানে বসবাসকারী শিশুদের বিদ্যালয়ে উপস্থিতির হার বাড়ানোর জন্য অভিভাবকবৃন্দের সচেতনতা বৃদ্ধিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে সভায় অনুরোধ জানানো হয়। | ১. আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্প স্থানে বসবাসরত শিশুদের প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রতি মাসে প্রকল্প স্থান সরেজমিনে পরিদর্শনপূর্বক শিক্ষা কার্যক্রম সংক্রান্ত বস্তুনিষ্ঠ ও হালনাগাদ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার<br>২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার |

❖ ০৭.০০: **বিবিধ আলোচনা:** আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, শিশুদের শিক্ষার অধিকার সুনিশ্চিতকরণসহ সার্বিক নিরাপত্তার বিষয়ে তৎপর হওয়ার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে সভায় নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত | আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্প স্থানসমূহে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণসহ প্রকল্প স্থানের আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ কাজ করে যাচ্ছে। | আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্প সমূহে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১) পুলিশ সুপার, মৌলভীবাজার;<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার<br>৩) সহকারী কমিশনার (ভূমি) (সকল), মৌলভীবাজার |
| ০২ | প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগের প্রশিক্ষণ সংক্রান্ত | আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্প স্থানে বসবাসকারী উপকারভোগীদের আর্থ-সামাজিক উন্নয়নে তাদের দক্ষতা বৃদ্ধির জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্প স্থানে সংশ্লিষ্ট সকল বিভাগকে প্রয়োজনীয় প্রশিক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণসহ প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে | ১) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার<br>২) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | মৌলভীবাজার;<br>৩) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার<br>৪) জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার<br>৫) উপপরিচালক, বিআরডিবি,মৌলভীবাজার |
| ০৩ | প্রকল্প স্থানে বসবাসরত বয়স্ক ব্যক্তিদের ভাতা প্রদান | প্রকল্প স্থানে বসবাসরত ভাতা পাওয়ার যোগ্য বিধবা ও বয়স্ক ব্যক্তিদের ভাতা প্রদানের আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্টদের অনুরোধ জানান। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প স্থানে বসবাসরত যোগ্য বয়স্ক ও বিধাবা ব্যক্তিদের এ বছর ভাতার আওতায় নিয়ে আসা হবে। বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য ইতোমধ্যে অনলাইন আবেদন গ্রহণের সময়সীমা শেষ হয়েছে মর্মে উল্লেখ করে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, উপজেলা নির্বাহী অফিসারগণ উপকারভোগীদের তালিকা প্রেরণ করলে ভাতা প্রদানে তাদের অগ্রাধিকার প্রদান করা হবে। | প্রকল্প স্থানে বসবাসরত ভাতা পাওয়ার যোগ্য বিধবা ও বয়স্ক ব্যক্তিদের অগ্রাধিকার ভিত্তিতে ভাতা প্রদানের আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রতিবন্ধী ভাতা শতভাগ নিশ্চিতকরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার<br>২) উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার |
| ০৪ | প্রকল্প স্থানে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | প্রকল্প স্থানের সকল গৃহে বিদ্যুৎ সংযোগ নিশ্চিতকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্প স্থানের সকল গৃহে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করতে সভায় সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। | প্রকল্প স্থানের সকল গৃহে বিদ্যুৎ সংযোগ নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার<br>২. জেলারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল<br>৩. নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১২/২০২৫

(তৌহিদুজ্জামান পাভেল)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ফোন: ০২৪১১১০৪০২
ইমেইল: dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৫৮০০.০০৯.০৬.০০২.১৯- ২৭৩৪

তারিখ: ৬০ /১১/২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ

৩. প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০৪. পুলিশ সুপার, মৌলভীবাজার

০৫. সিভিল সার্জন, মৌলভীবাজার

০৬. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), মৌলভীবাজার

০৭. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট

০৮. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ/পরিবার পরিকল্পনা বিভাগ/সমাজসেবা অধিদপ্তর/বিআরডিবি মৌলভীবাজার

০৯. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/শ্রীমঙ্গল/কমলগঞ্জ

১০. জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা সমবায় অফিসার/জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি/জেলা ত্রাণ এবং পুনর্বাসন কর্মকর্তা/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার

১১. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার

১২. জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

১৩. সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

১৪. সহকারী কমিশনার (ভূমি), মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/শ্রীমঙ্গল/কমলগঞ্জ

১৫. জেলা রেজিস্ট্রার, জেলা রেজিস্ট্রারের কার্যালয়, মৌলভীবাজার

১৬. অফিস কপি

০৩/১১/২৫

(সানজিদা আক্তার)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
মৌলভীবাজার
ফোন: ০২৪১১১০৩৯৭
ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd